# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**09-05-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবর –

১) রবীন্দ্রজয়ন্তীর দিনে আজ শুভেন্দু অধিকারীর নেতৃত্বে পশ্চিমবঙ্গে প্রথম বিজেপি সরকার শপথ নিয়েছে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর উপস্থিতিতে মুখ্যমন্ত্রীর সঙ্গে শপথ নিলেন মন্ত্রিসভার আরও পাঁচ সদস্য।

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্, প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং, এন ডি এ ও বিজেপি শাসিত বিভিন্ন রাজ্যের মুখ্যমন্ত্রী এবং দলীয় নেতৃবৃন্দ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

২) পশ্চিমবঙ্গে সদ্য সমাপ্ত বিধানসভা নির্বাচন পর্বে কমিশন নিযুক্ত বিশেষ পর্যবেক্ষক অবসরপ্রাপ্ত আই এস আধিকারিক ডক্টর সুব্রত গুপ্ত মুখ্যমন্ত্রীর উপদেষ্টা পদে নিযুক্ত।

৩) গান-কবিতা-কথায় রাজ্যজুড়ে আজ রবি-স্মরণ।

৪) রাজ্যের বিভিন্ন জেলায় আগামীকাল পর্যন্ত ঝোড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাষ।

৫) আই এস এল ফুটবলে মোহনবাগন ও এফ সি গোয়ার মধ্যে খেলা এক এক গোলে অমীমাংশিত।

oooooooooooooooooooooo

রবীন্দ্রজয়ন্তীর দিন বাংলার রাজনৈতিক ইতিহাসে নতুন অধ্যায়ের সাক্ষী হিসেবে আজ পশ্চিমবঙ্গে প্রথম বিজেপি সরকার শপথ নিয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্ এবং বহু বিশিষ্ট ব্যক্তির উজ্জ্বল উপস্থিতিতে পশ্চিমবঙ্গের নবম মুখ্যমন্ত্রী তথা রাজ্যের প্রথম বিজেপি মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেন শুভেন্দু অধিকারী। রাজ্যপাল আর এন রবি তাঁকে পদ ও মন্ত্রগুপ্তির শপথবাক্য পাঠ করান।

( ভয়েস – মুখ্যমন্ত্রী/শুভেন্দু)

শ্রী অধিকারির সঙ্গে একে একে মন্ত্রী হিসেবে আরও পাঁচ বিজেপি বিধায়ক আজ শপথ নিয়েছেন। খড়গপুর সদরের দিলীপ ঘোষ, বাঁকুড়ার রানিবাঁধের ক্ষুদিরাম টুডু, বনগাঁ উত্তর থেকে অশোক কীর্তনীয়া এবং কোচবিহারের মাথাভাঙা থেকে জয়ী নিশীথ প্রামাণিক শপথ গ্রহণ করেন। আজ মহিলা হিসেবে শপথ নেন আসানসোল দক্ষিণ কেন্দ্রের অগ্নিমিত্রা পাল।

(ভয়েস – অগ্নিমিত্রা পাল )

সকাল থেকেই ব্রিগেডে উপচে পড়েছিল বিজেপি কর্মী-সমর্থক ও বহু সাধারণ মানুষের ভীড়। মঞ্চে সনাতনী আবেগে ছিল স্পষ্ট। দক্ষিণেশ্বর, গঙ্গাসাগরের কপিলমণি মন্দির, মা দুর্গার ছবি দিয়ে সাজানো হয়েছিল শপথমঞ্চ। ২৫ বৈশাখ উপলক্ষে আলাদাভাবে স্থান দেওয়া হয়েছিল রবীন্দ্রনাথ ঠাকুরের প্রতিকৃতিকেও।

শপথের আগে মঞ্চে উঠেই কবিগুরুর ছবিতে ফুল দিয়ে শ্রদ্ধা জানান প্রধানমন্ত্রী মোদী। বাংলার জনগণকে এই বিপুল জয়ের জন্য ধন্যবাদ জানিয়ে নতজানু হয়ে নমস্কার জানান প্রধানমন্ত্রী। তার পর মঞ্চে আসন গ্রহণ করেন তিনি। উপস্থিত ছিলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ, অন্ধ্রপ্রদেশের মুখ্যমন্ত্রী চন্দ্রবাবু নাইডু, অসমের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্বশর্মা, উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুষ্কর সিং ধামি, মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী মোহন যাদব, ওড়িশার মুখ্যমন্ত্রী মোহনচরণ মাঝি, ত্রিপুরার মুখ্যমন্ত্রী মানিক সাহা, নাগাল্যান্ডের মুখ্যমন্ত্রী নেফিউ রিও, অরুণাচল প্রদেশের মুখ্যমন্ত্রী পেমা খান্ডু, সিকিমের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাং-সহ একাধিক বিজেপি ও এনডিএ শাসিত রাজ্যের নেতা। উপস্থিত ছিলেন একনাথ শিন্ডেও।

শপথগ্রহণ মঞ্চে প্রধানমন্ত্রী রাজ্য বিজেপি-র প্রবীণতম কার্যকর্তা মাখনলাল সরকারকে অভিবাদন জানান। ৯৭ বছর বয়সী মাখনলাল সরকারের পা ছুঁয়ে প্রণাম করেন করেন। উপহার

হিসেবে জড়িয়ে দেন একটি শালও। উল্লেখ্য, স্বাধীনতা পরবর্তী সময়ে মাখনলাল সরকার শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের সঙ্গে জাতীয়তাবাদী রাজনৈতিক কাজ কর্ম শুরু করেন। রাজ্য বিজেপি-র সভাপতি শমীক ভট্টাচার্য, তাঁর কথায় মাখনলাল সরকারকে দলের বলিষ্ঠ সদস্য হিসেবে উল্লেখ করেন।

( বাইট – শমীক)

(১৯৫২ সালে শ্যামপ্রসাদ মুখোপাধ্যায়ের সঙ্গী হিসেবে কাশ্মীরে দেশের জাতীয় পতাকা উত্তোলন করতে গিয়ে গ্রেফতার হন তিনি। ১৯৮০ সালে বিজেপি গঠিত হওয়ার পর তৎকালীন পশ্চিম দিনাজপুর, জলপাইগুড়ি এবং দার্জিলিং-এ তিনি সংগঠন মজবুত করার কাজ চালিয়ে যান। এক বছরের মধ্যে দলের সদস্য সংখ্যা বেড়ে ১০ হাজারে পৌঁছয়।)

এদিকে, সকালে নির্ধারিত সময়ের আগেই দমদম বিমানবন্দরে পৌঁছে যান প্রধানমন্ত্রী। সেখান থেকে চপারে রেসকোর্স হয়ে ব্রিগেডে পৌঁছন তিনি। কলকাতা কার্যত নিরাপত্তার চাদরে মোড়া ছিল। ব্রিগেড এবং সংলগ্ন এলাকায় বহুস্তরীয় নিরাপত্তা ব্যবস্থা করে কলকাতা পুলিশ। শেষ মুহূর্ত পর্যন্ত চলে সিকিউরিটি চেকিং।

অন্য দিকে, সকাল সাড়ে ন'টার কিছু আগে চিনার পার্কের বাড়ি থেকে ব্রিগেডের উদ্দেশে রওনা দেন শুভেন্দু অধিকারী। গেরুয়া আভাযুক্ত ধুতি-পাঞ্জাবিতে দেখা যায় তাঁকে। ব্রিগেডে পৌঁছনোর পর তাঁকে ঘিরে উচ্ছ্বাসে ফেটে পড়েন কর্মী-সমর্থকেরা।

ব্রিগেড ময়দানে এ দিন শুধু রাজনৈতিক অনুষ্ঠান নয়, বাঙালিয়ানার আবহও তুলে ধরার চেষ্টা করেছে বিজেপি। প্রধানমন্ত্রীর প্রচারের সময় ঝালমুড়ি খাওয়ার প্রসঙ্গকে সামনে রেখে ময়দানে তৈরি করা হয়েছিল বিশেষ ঝালমুড়ি স্টল। সকাল থেকেই সেখানে উপচে পড়ে ভিড়।

শপথগ্রহণের পর থেকেই শুরু হয়েছে প্রশাসনিক তৎপরতা। একাধিক কর্মসূচীতে যোগ দিয়েছেন, মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। একটি প্রতিবেদন –

(ভয়েস – অভিরূপ)

oooooooooooooooooooo

ছেলে মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেওয়ায় স্বাভাবিকভাবে অত্যন্ত আনন্দিত শুভেন্দু অধিকারীর বাবা প্রাক্তন সাংসদ ও কেন্দ্রীয় মন্ত্রী শিশির অধিকারী। তিনি বলেন, জনগণই মুখ্যমন্ত্রীর অভিভাবক। জন কল্যাণেই আগামী দিনে এরাজ্যে কাজ হবে বলে প্রত্যয় ব্যক্ত করেন তিনি।

(বাইট – শিশির অধিকারী)

অন্যদিকে, শ্রী অধিকারীর মা গায়ত্রী অধিকারী বলেন, ছোটো থেকেই রাজনীতির সঙ্গে যুক্ত তাঁর পুত্র। স্বামী বিবেকানন্দের আদর্শে উদ্বুদ্ধ হয়েই তিনি আজ এই জায়গায় পৌঁছেছেন।

(বাইট – গায়ত্রী অধিকারী)

oooooooooooooooooooooo

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী হিসেবে শপথগ্রহণের জন্য শুভেন্দু অধিকারিকে অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। সামাজিক মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী বলেন, শুভেন্দু অধিকারী এমন এক নেতা হিসেবে উঠে এসেছেন, যিনি মানুষের সঙ্গে নীবিড়ভাবে জড়িত এবং জনগণের আশা-আকাঙ্খা হৃদয় থেকে অনুভব করতে পারেন। আগামী দিনে এক সফল মুখ্যমন্ত্রী হিসেবে নিজেকে প্রমাণিত করার জন্য শ্রী অধিকারীকে শুভেচ্ছা জানান প্রধানমন্ত্রী। একই সঙ্গে আজ শপথগ্রহণ করা অন্য পাঁচ বিধায়ককেও অভিনন্দন জানিয়েছেন। স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ্, আজ শ্রী অধিকারীকে নতুন দায়িত্বভার গ্রহণের জন্য শুভেচ্ছা জানান। সোনার বাংলা গঠনের সংকল্প পূরণে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্বে শুভেন্দু অধিকারী এবং রাজ্যে বিজেপি সরকার কাজ চালিয়ে যাবে বলে মত প্রকাশ করেন তিনি। এই সঙ্গে আজ শ্রী অধিকারীকে অভিনন্দন জানান বিভিন্ন কেন্দ্রীয় মন্ত্রী এবং উল্লেখযোগ্য ব্যক্তিবর্গ ।

পশ্চিমবঙ্গে নতুন বিজেপি সরকার ও নবনির্বাচিত মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী কে অভিনন্দন জানিয়েছেন প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার। রাজ্যে নব গঠিত সরকার ও নতুন মন্ত্রিসভা জন কল্যাণে কাজ করবে বলে আশা প্রকাশ করেন তিনি। একই সঙ্গে শুভেন্দু অধিকারীর আপ্ত সহায়ক চন্দ্রনাথ রথ খুনের ঘটনায় পূর্ণাঙ্গ তদন্তের দরকার বলে শুভঙ্কর বাবু মন্তব্য করেছেন।

জোড়াসাঁকো ঠাকুর বাড়িতে আজ বামফ্রন্ট চেয়ারম্যান বিমান বসু আশা প্রকাশ করেন, বিজেপি যে সংকল্পের প্রতিশ্রুতি নির্বাচনের আগে দিয়েছিল, তা নতুন সরকার পূরণ করবে।

(বাইট – বিমান বসু)

পশ্চিমবঙ্গের নতুন মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্ব গ্রহণের পর Suvendu Adhikari-কে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছে Bharat Chamber of Commerce। চেম্বারের সভাপতি নরেশ পাচিসিয়া এক চিঠিতে লিখেছেন, সুদীর্ঘ রাজনৈতিক অভিজ্ঞতা, সাংগঠনিক দক্ষতা এবং জনসেবার স্বীকৃতি হিসেবেই এই দায়িত্ব পেয়েছেন শুভেন্দু অধিকারী। কেন্দ্র ও রাজ্যের সুসম্পর্কের ফলে পশ্চিমবঙ্গে শিল্পোন্নয়ন, কর্মসংস্থান, পরিকাঠামো উন্নয়ন এবং প্রশাসনিক স্বচ্ছতার নতুন দিগন্ত খুলবে বলে আশা প্রকাশ করা হয়েছে ওই চিঠিতে।

একই সঙ্গে রাজ্যের নতুন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীকে শুভেচ্ছা জানিয়েছেন, Nakhoda Masjid-এর ট্রাস্টি বোর্ড। এক চিঠিতে ট্রাস্টি নাসের ইব্রাহিম, নতুন সরকারের সাফল্য কামনা করে শিক্ষা, স্বাস্থ্য ও বাণিজ্য ক্ষেত্রে সব সমস্যার সমাধানে উদ্যোগ নেওয়ার আশা প্রকাশ করেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী আজ সন্ধ্যায় শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায়ের বাসভবনে যান। সঙ্গে ছিলেন, অন্য দলীয় কর্মকর্তারা । সাংবাদিকদের শ্রী অধিকারী বলেন, পশ্চিমবঙ্গ দিবস উদযাপন নিয়ে বহু বিতর্ক হয়েছে। বিশে জুন দিনটি পালন করা নিয়ে তিনি বিধানসভায় উদ্যোগ নেবেন বলে জানিয়েছেন।

(বাইট - শুভেন্দু)

এরপর মুখ্যমন্ত্রী বালিগঞ্জে ভারত সেবাশ্রমের সদর দফতরে যান।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

পশ্চিমবঙ্গে এস আই আর ও সদ্য সমাপ্ত বিধানসভা নির্বাচন পর্বে কমিশন নিযুক্ত বিশেষ পর্যবেক্ষক অবসরপ্রাপ্ত আইএএস আধিকারিক ডঃ সুব্রত গুপ্তকে আজ মুখ্যমন্ত্রীর উপদেষ্টা পদে নিয়োগ করা হয়েছে। কর্মীবর্গ ও প্রশাসনিক সংস্কার দফতরের জারি করা এক বিজ্ঞপ্তিতে এই ঘোষণা করা হয়।

বিধানসভা নির্বাচনে শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখা এবং প্রশাসনিক সমন্বয়ের ক্ষেত্রে শ্রী গুপ্ত গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছিলেন। ভোটপর্বে বড় ধরনের সংঘর্ষ বা অশান্তি এড়িয়ে নির্বাচন পরিচালনায় তাঁর অভিজ্ঞতা ও প্রশাসনিক দক্ষতা বিশেষ ভাবে নজর কেড়েছিল । সেই অভিজ্ঞতার উপর ভরসা রেখেই নতুন সরকার তাঁকে গুরুত্বপূর্ণ দায়িত্ব দিল বলে প্রশাসনিক মহলের অভিমত।

অন্যদিকে দক্ষিণ ২৪ পরগনার অতিরিক্ত জেলাশাসক শান্তনু বালাকে মুখ্যমন্ত্রীর প্রাইভেট সেক্রেটারি বা ব্যক্তিগত সচিব হিসেবে নিয়োগ করেছে রাজ্য সরকার।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

তৃণমূল কংগ্রেস প্রধান মমতা ব্যানার্জী বিজেপিকে রুখতে বিরোধী সব রাজনৈতিক দলের কাছে জোট বাঁধার আবেদন জানিয়েছেন। আজ কালীঘাটে তাঁর বাসভবনে আয়োজিত রবীন্দ্র স্মরন অনুষ্ঠানে বলেন বামফ্রন্ট সহ অন্যান্য বামপন্থী দলও এই জোটে অংশ নিতে পারে। যারা দল ছেড়ে বেরিয়ে যেতে চান তাদেরও সেই অনুমতি দেওয়া হবে ।

এদিকে, বিজেপির বিরুদ্ধে বামপন্থীদের সঙ্গে নিয়ে লড়াই করার ডাক দেওয়ায় সিপিআইএম কেন্দ্রীয় কমিটির সদস্য সুজন চক্রবর্তী, রাজ্যের প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিশ্বাস যোগ্যতা নিয়ে প্রশ্ন তুলেছেন। তিনি বলেন, বিজেপি-র বিরুদ্ধে মানুষকে সঙ্গে নিয়েই বামপন্থীরা মোকাবিলা করবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

আজ ২৫-শে বৈশাখ। বিশ্বকবি রবীন্দ্রনাথ ঠাকুরের ১৬৫-তম জন্ম বার্ষিকী আজ তাঁরই লেখা গান, কবিতা ও রচনার মধ্য দিয়ে সাড়ম্বরে উদযাপিত হচ্ছে।

(ইনসার্ট)

আজ একই সঙ্গে অনুষ্ঠিত হলো পঁচিশে বৈশাখের কবি প্রণাম ও রাজ্যের নেতৃত্বে আসা নতুন সরকারের শপথ গ্রহণ। সকাল থেকেই এই আবহে সারা রাজ্যের সঙ্গে মহানগর ভেসেছে নতুন উদ্দিপনায়। একদিকে প্রভাতফেরি, সঙ্গে প্রধানমন্ত্রী, স্বরাষ্ট্রমন্ত্রী সহ বহু রাষ্ট্রনেতার আগমনে নিরাপত্তাকর্মীদের তৎপরতা এবারের পঁচিশে বৈশাখে এনেছিল ভিন্নমাত্রা।

একটি প্রতিবেদন –

(ভয়েস – অভিজিৎ)

০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে বিজেপি সরকার গঠিত হবার দিনেই আজ বিভিন্ন জেলা থেকে অস্ত্র উদ্ধারের খবর পাওয়া গেছে।

**মুর্শিদাবাদের** বহরমপুরে সৈয়দাবাদ গীর্জাপাড়ায় টাউন তৃণমূল কংগ্রেসের সভাপতি পাপাই ঘোষের ঘনিষ্ঠ অসীম সরকার নামে এক ব্যক্তির বাড়িতে তল্লাশি চালিয়ে পুলিশ ১৪০ রাউন্ড গুলি, তিনটি অত্যাধুনিক পিস্তল ও ম্যাগাজিন বাজেয়াপ্ত করে। গ্রেপ্তার করা হয়েছে অসীম সরকারের স্ত্রীকে । ধৃত মহিলা জানিয়েছেন, পাপাই ঘোষের নির্দেশেই অস্ত্র মজুত করা হয়েছিল।

অন্যদিকে, **হুগলীর** শ্রীরামপুরে পাঁচ নম্বর কলোনীর মল্লিক পাড়ায় সুমন নাথ নামে এক কুখ্যাত অপরাধীকে পুলিশ শ্রীরামপুর জলকলের মাঠ থেকে গ্রেপ্তার করেছে। তার কাছ থেকে একটি দেশী একনলা পাইপগান ও এক রাউন্ড গুলি উদ্ধার করা হয়েছে। সুমন নাথের স্বাস্থ্য পরীক্ষার পর আদালতে তোলা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০

২০২১ সালে বিধানসভা নির্বাচনে ভোট পরবর্তী হিংসার শিকার, **মালদার** হরিশ্চন্দ্রপুরে বিজেপির বুথ সভাপতি কালাচাঁদ দাস ও তাঁর পরিবার, দীর্ঘ পাঁচ বছর পর বাড়ি ফিরেছেন। অভিযোগ, ভোটের পর তাঁকে ও তাঁর পরিবারকে মারধোর করা হয়। হরিশ্চন্দ্রপুর হাসপাতাল মোড়ে বাড়ির সামনে তাঁর দোকানে ভাঙচুর ও লুটপাট চালানো হয়েছিল। তৃণমূল কংগ্রেসের অত্যাচারে এতোদিন বাড়ি ফিরতে পারেননি তারা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

অনুকূল বায়ুপ্রবাহ ও বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় আগামীকাল পর্যন্ত রাজ্যের বহু জেলায় ঝোড়ো হাওয়া এবং বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টির সম্ভাবনা। ঝাড়গ্রাম পুরুলিয়া বাঁকুড়া পশ্চিম মেদিনীপুর পূর্ব ও পশ্চিম বর্ধমান বীরভূম ও মুর্শিদাবাদ জেলায় আজ ৫০ থেকে ৬০ কিলোমিটার বেগে দমকা হাওয়া সহ বৃষ্টির কমলা সতর্কতা রয়েছে।

এদিকে, উত্তরবঙ্গের মালদা ও দক্ষিণ দিনাজপুরে রয়েছে ঝড়ো হাওয়া ও মাঝারি বৃষ্টির সতর্কতা। আগামী দুদিন তাপমাত্রার বিশেষ পরিবর্তন হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আলিপুরে সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৩৩ দশমিক ছয় ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের থেকে দুই দশমিক ১ ডিগ্রি কম।

oooooooooooooooooooooo

গোয়ার মারগাওয়ে আজ আইএসএল ফুটবলে মোহনবাগান ও এফ সি গোয়ার মধ্যে খেলাটি ১-১ গোলে শেষ হয়েছে। ৫৪ মিনিটে জেমি ম্যাকলারেনের দেওয়া গোলে মোহনবাগান এগিয়ে যায়। ৬৭ মিনিটে এফ সি গোয়ার রনি উইলসনের গোলে সমতা ফেরায়।

মোহনবাগান ১০ ম্যাচে ২১ পয়েন্ট নিয়ে লিগ তালিকার দ্বিতীয় স্থানে রয়েছে। অন্যদিকে এফ সি গোয়া ১২ ম্যাচে ২০ পয়েন্ট পেয়ে চতুর্থ স্থানে রইল।১০ ম্যাচে ২১ পয়েন্ট সংগ্রহ করে গোল পার্থক্যে এগিয়ে থাকায় ইস্টবেঙ্গল পয়েন্ট তালিকায় শীর্ষে রয়েছে।

oooooooooooooooooooooo

পূর্ব রেলের হাওড়া ডিভিশনের তারকেশ্বর - আরামবাগ সেকশনে মায়াপুর ও আরামবাগ স্টেশনের মধ্যে লিমিটেড হাইট সাবওয়ে ( LHS) তে Girder অপসারণের কাজের জন্য আজ (09.05.26) রাত ১১টা ১৫ মিনিট থেকে আগামীকাল ( 10.05.25) সকাল ৬ টা ২৫ মিনিট পর্যন্ত মোট ৪৩০ মিনিট ট্র্যাফিক ও পাওয়ার ব্লক থাকবে।

এই কারণে আজ ও আগামীকাল কয়েকটি ট্রেন বাতিল করা হয়েছে। তারকেশ্বর থেকে আজ আপ ও ডাউন তারকেশ্বর - আরামবাগ লোকাল বাতিল থাকবে।

এছাড়া , আগামীকাল ( 10.05.26) গোঘাট থেকে গোঘাট - তারকেশ্বর লোকাল, আরামবাগ থেকে আরামবাগ - তারকেশ্বর লোকাল এবং তারকেশ্বর থেকে তারকেশ্বর - গোঘাট লোকাল, ও তারকেশ্বর - আরামবাগ লোকাল বাতিল থাকবে বলে রেল সূত্রে জানা গেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০

০০০০০০০০০০০০০০০০০০০০০০